# ALL INDIA RADIO, SILCHAR

**************

## EVENING BULLETIN : BENGALI

## Date:- 26-03-2024

## *Time: 19:45-19:55 Hrs*

(১) রাজ্যে আসন্ন লোকসভা নির্বাচনের প্রথম পর্যায়ে অনুষ্ঠেয় ভোটগ্রগহণের জন্য বিভিন্ন দলের প্রার্থীদের আজ মনোনয়ন পত্র দাখিল/ ডিব্রুগড়ে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল এবং যোরহাটে সাংসদ গৌরব গগৈ সহ বেশকয়েকজন প্রার্থীর আজ মনোনয়ন পত্র জমা/

(২) নির্বাচন কমিশনের সি-ভিজিল নামের উদ্ভাবনীমূলক অ্যাপের মাধ্যমে নির্বাচনী প্রক্রিয়া সূক্ষ্মভাবে নিরীক্ষণ/

(৩) সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও আজ উৎসাহ উদ্দীপনায় রঙের উৎসব হোলি উদযাপিত/

এবং

(৪) গুয়াহাটিতে বর্তমানে চলছে ভারত ও আফগানিস্তানের মধ্যে ফিফা বিশ্বকাপ এবং এশিয়া কাপ ফুটবলের যোগ্যতা নির্ণায়ক খেলা।

---

প্রথম পর্যায়ের নির্বাচনের মনোনয়ন দাখিলের আগামীকাল শেষ দিন হবার পরিপ্রেক্ষিতে আজ বেশকয়েকজন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন ।

কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ ডিব্রুগড় লোকসভা আসনের প্রার্থী হিসেবে জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়নপত্র দাখিল করেন ।মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ,কেন্দ্রীয় মন্ত্রী রামেশ্বর তেলী ,রাজ্যের মন্ত্রী রঞ্জিত কুমার দাস ,মন্ত্রী তথা অসম গণ পরিষদ দলের সভাপতি অতুল বরা ,মন্ত্রী তথা অসম গণ পরিষদ দলের কার্যকরী সভাপতি কেশব মহন্ত ছাড়াও বেশকয়েকজন দলীয় নেতা কর্মী মনোনয়ন দাখিলের সময় উপস্থিত ছিলেন । এদিকে লখিমপুর লোকসভা আসনের এন ডি এ প্রার্থী প্রদান বরুয়া আজ লখিমপুর জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়নপত্র দাখিল করেন ।
মনোনয়নপত্র দাখিলের সময় মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ,মন্ত্রী অশোক সিংহল ,ডা:রণোজ পেগু সহ বিজেপি ও অসম গণ পরিষদের বেশকয়েকজন নেতা উপস্থিত ছিলেন ।
এদিকে যোরহাট লোকসভা আসনের কংগ্রেস প্রার্থী গৌরব গগৈও দলের রাজ্যসভাপতি ভূপেন বরা ও রকিবুল হুসেন ,রেকিবুদ্দিন আহমেদ ও তিতাবরের বিধায়ক ভাস্কর বরুয়ার উপস্থিতিতে মনোনয়নপত্র দাখিল করেন ।
ডিব্রুগড় লোকসভা আসনের বিরোধী ঐক্য মঞ্চের সমর্থিত প্রার্থী ,অসম জাতীয় পরিষদের প্রধান লুরিনজ্যোতি গগৈ আজ জেলা আয়ুক্তের কার্যালয়ে মনোনয়নপত্র দাখিল করেন ।

আগামীকাল যোরহাটে তপন কুমার গগৈ,কাজিরাঙ্গায় কামাখ্যা প্রসাদ তাসা এবং তেজপুরে রঞ্জিত দত্ত সংশ্লিষ্ট জেলা আয়ুক্তের কার্যালয়ে নিজ নিজ মনোনয়নপত্র দাখিল করবেন । কংগ্রেস তথা বিরোধী ঐক্যমঞ্চের বেশকয়েকজন প্রার্থীও আগামীকাল মনোনয়নপত্র দাখিল করবেন । এরমধ্যে কংগ্রেস প্রার্থী উদয় শংকর হাজারিকাও রয়েছেন । উল্লেখ্য এই পর্যায়ের জন্য মনোনয়নপত্র দাখিলের আগামীকাল শেষ দিন এবং পরশু মনোনয়নপত্রগুলি পরীক্ষা করা হবে । মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন আগামী ৩০ শে মার্চ ধার্য্য করা হয়েছে ।

-------------------------------------------------------------------

কেন্দ্রীয় মন্ত্রী তথা বিজেপি নেতা কিরেন রিজিজু আজ অরুণাচল পশ্চিম সংসদীয় আসন থেকে মনোনয়নপত্র দাখিল করেন । তিনি পশ্চিম সিয়াং

জেলার পশ্চিম অরুণাচল আসনের রিটানিং আধিকারিকের কাছে মনোনয়ন দাখিল করেন । অরুণাচল প্রদেশের মূখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা পেমা খান্ডু মনোনয়নপত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন । এদিকে আসনটির কংগ্রেস দলের প্রার্থী প্রাক্তন মূখ্যমন্ত্রী নাবাম টুকীও আজ মনোনয়নপত্র দাখিল করেন । অরুণাচল প্রদেশের দুটি লোকসভা আসনের জন্য প্রথম পর্যায়ে আগামী ১৯ শে এপ্রিল নির্বাচন অনুষ্ঠিত হবে ।

এদিকে নাগাল্যান্ড পিপলস ডেমোক্রেটিক এলায়েন্স পি ডি এ সমর্থিত প্রার্থী ড.সুম্বেন মুরী আজ রাজ্যের একমাত্র লোকসভা আসনটির জন্য মনোনয়নপত্র দাখিল করেছেন ।এপর্যন্ত নাগালেন্ডের এই আসনটির জন্য তিনজন প্রার্থী মনোনয়নপত্র দাখিল করেছেন ।

--------------------------------------------------------------------------------

আসন্ন লোকসভা নির্বাচনের পরিপ্রেক্ষিতে রাজ্যের বিভিন্ন স্থানে রাজনৈতিক দলগুলির প্রচারাভিযান অব্যাহত রয়েছে । সেইসঙ্গে জেলা প্রশাসনগুলিও ভোটদাতাদের মধ্যে সচেতনতা সৃষ্টি ,আদর্শ আচরণ বিধি বলবৎ সম্পর্কীত বিভিন্ন কাজকর্ম অব্যাহত রেখেছে । যোরহাটে নির্বাচনী প্রচারের অংশ হিসেবে ভারতীয় জনতা যুব মোর্চার উদ্যোগে একটি মোটর সাইকেল র‍্যালী বের করা হয় । মন্ত্রী তথা বিজেপি নেতা পীযুষ হাজারিকা সহ যুব মোর্চার সভাপতি এবং বহু নেতা কর্মীর উপস্থিতিতিতে এই মোটর সাইকেল র‍্যালী যোরহাটের আই টি আই খেলার মাঠ থেকে বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক পরিক্রমা করে ।

--------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন সি-ভিজিল নামের একটি উদ্ভাবনীমূলক অ্যাপের মাধ্যমে নির্বাচনী প্রক্রিয়া সূক্ষ্মভাবে নিরীক্ষণ করছেন । সি-ভিজিল অর্থাৎ ভিজিলেন্ট সিটিজেন শীর্ষক এই অ্যাপলিকেশনের সহায়তায় জনসাধারণ নিজের মোবাইলে সহজেই নির্বাচনী আদর্শ আচরণ বিধি লঙ্ঘন সম্পর্কিত ঘটনার তথ্য, দৃশ্য বা শ্রাব্য রূপে কমিশনের কাছে পাঠাতে পারবেন । এই অ্যাপটির বিশেষত্ব হচ্ছে যে- এর সহায়তায় স্বতঃস্ফূর্তভাবে নির্দিষ্ট স্থান থেকে সরাসরি ফটো সহ ভিডিও পাঠানো যাবে । এরফলে ফ্লায়িং স্কোয়াড বা পর্যবেক্ষণকারী পুলিশ

দলগুলি এধরণের ঘটনা সঙ্গে সঙ্গে ধরে ফেলার সুযোগ লাভ করবে । যেকোনো এনড্রয়েড মোবাইল বা স্মার্ট ফোনে এই অ্যাপটি ডাউনলোড করে জনসাধারণ সহজেই তা ব্যবহার করতে পারবেন । এছাড়া রাজনৈতিক ক্ষেত্রে যেকোনো ধরণের অসাধু আচরণ, ভোটারদের প্রভাবিত করার জন্য সামগ্রী প্রদান বা বিভিন্নভাবে প্ররোচনা দেবার প্রমাণ পেলে সেসব এই অ্যাপের মাধ্যমে পাঠানো যাবে । এই অ্যাপটি জেলা নিয়ন্ত্রণ কক্ষ, নির্বাচনী রিটার্নিং আধিকারিক এবং নির্বাচন পরিচালনার জন্যে বর্হিক্ষেত্রে নিয়োজিত বিভিন্ন দল যেমন- ফ্লায়িং স্কোয়াড, পর্যবেক্ষণ দল ইত্যাদির কাছে তথ্য প্রেরণ করে । সুতরাং এধরণের আইন লঙ্ঘনকারী কোনো ঘটনা নজরে এলে জনসাধারণ সেসব ঘটনার ফটো বা দু'মিনিটের ভিডিও এই অ্যাপ যোগে আপলোড করে সুষ্ঠু নির্বাচন প্রক্রিয়ায় বাধা সৃষ্টিকারী অবাঞ্ছিত ঘটনা সমূহ রোধ করা সম্ভব হবে । এই ক্ষেত্রে তথ্য প্রেরণকারী ব্যক্তির নাম, পরিচয় ইত্যাদি গোপন রাখা হবে বলেও কমিশনের পক্ষ থেকে প্রতিশ্রুতি দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন স্থানে বর্তমানে উষ্ণ প্রবাহ চলতে থাকার পরিপ্রেক্ষিতে চলতি নির্বাচনী পরিস্থিতিতে নির্বাচন কমিশন সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিককে কিছু বিশেষ পরামর্শবলী জারী করেছেন । এতে বলা হয়েছে যে- আসন্ন গ্রীষ্মের মরশুমের পরিপ্রেক্ষিতে আগামী দিনগুলিতে, বিশেষ করে আগামী জুন মাস পর্যন্ত দেশের বিভিন্ন স্থানের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় কিছুটা বেশি হতে পারে বলে কেন্দ্রীয় আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে । এই উষ্ণ প্রবাহের প্রভাব কিছুটা কম অনুভব করানোর জন্য জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষের তরফ থেকে জারী করা বিধি-নিষেধ সমূহ নির্বাচন কমিশনের পক্ষ থেকে সব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে পাঠানো হয়েছে । এতে গরমের সময়ে বেলা বারোটা থেকে বিকেল তিনটা পর্যন্ত বাইরে না বেরোতে বলা হয়েছে । এছাড়া পর্যপ্ত জলপান এবং বাসি অথবা নষ্ট খাবার না খেতে বলা হয়েছে । নির্বাচন কমিশন ভোটগ্রহণ কেন্দ্রগুলিতে পানীয় জল সহ প্রাথমিক সুযোগ সুবিধাগুলির ব্যবস্থা রাখতে মুখ্য নির্বাচন কমিশনারদের নির্দেশ দিয়েছেন ।

--------------------------------------------------------------------------------

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে আজ আসাম , অরুনাচল প্রদেশ এবং মেঘালয়ে প্রবল বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানানো হয়েছে ।রাজ্যের বিভিন্ন জেলায় ঘূর্ণিঝড় সহ প্রবল বৃষ্টিপাতের জন্য রাজ্যের আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে ইয়েলো এলার্ট জারী করা হয়েছে । গৌহাটী সহ প্রতিটি জেলায় আজ থেকে দুদিন পর্যন্ত বৃষ্টিপাত অব্যাহত থাকবে বলে রাজ্যের আবহাওয়া বিভাগের পক্ষ থেকে জানানো হয়েছে । বিভাগটির পক্ষ থেকে আরো জানানো হয়েছে যে এই সময়ে নাগাল্যান্ড , মণিপুর ,মিজোরাম, ত্রিপুরা , সিকিম এবং পশ্চিম বঙ্গের পার্শ্ববর্তী অঞ্চলে আজ হালকা থেকে মাঝারী বৃষ্টিপাত হতে পরে বলে জানানো হয়েছে ।

এদিকে এশিয়া প্রশান্ত অর্থনৈতিক সহযোগীতা জলবায়ু কেন্দ্র জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত দেশে গড় বৃষ্টিপাত থেকে অধিক বৃষ্টিপাত হতে পারে বলে পূর্বাভাসে জানিয়েছে ।জলবায়ু কেন্দ্রটি দেশের বর্ষাকাল সম্পর্কে প্রথম পূর্বাভাস জারী করেছে । এই পূর্বাভাসে এপ্রিল থেকে জুন পর্যন্ত এবং জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত পৃথক পৃথক মূল্যায়ন করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

শ্রীকৃষ্ণের দোল উৎসব এবং রঙের উৎসব হোলি উপলক্ষে আজ সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে । বিগত কয়েকদিন ধরে বরাক উপত্যকার ছোট বড় শহরে বসন্ত উৎসব এবং দোল উপলক্ষে বিভিন্ন পূজার্চনা, কীর্তন ইত্যাদির আয়োজনের পর আজ তিন জেলায় জনসাধারণকে উৎসাহের সঙ্গে রঙ খেলার আনন্দে মেতে উঠতে দেখা গেছে । উপত্যকার গ্রাম-শহরে আজ সকাল থেকে ছোট ছোট শিশু-কিশোর, যুবক-যুবতী সহ সব বয়সের জনসাধারণকে রঙ বেরঙের আবিরে পরস্পরকে রাঙিয়ে তুলতে দেখা গেছে । তিন জেলা প্রশাসন রঙের উৎসব উপলক্ষে বিশেষ সতর্কতা মূলক ব্যবস্থা গ্রহণ করেছেন । এই উৎসবকে কেন্দ্র করে উপত্যকার কোনো স্থান থেকে কোনোধরণের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি ।

-----------------------------------------------------------------------------

গুয়াহাটির সরুসজাই ক্রীড়া প্রকল্পের ইন্দিরা গান্ধী এথলেটিক্স স্টেডিয়ামে আজ ভারত ও আফগানিস্তানের মধ্যে ২০২৬ সালে অনুষ্ঠেয় ফিফা বিশ্বকাপ এবং ২০২৭ সালে অনুষ্ঠেয় এশিয়া কাপ ফুটবলের যোগ্যতা নির্ণায়ক খেলাটি অনুষ্ঠিত হবে । আজ সন্ধ্যে সাতটায় খেলা আরম্ভ হয়েছে । এদিকে ভারতীয় দলের অধিনায়ক সুনীল ছেত্রী আজ তার আর্ন্তজাতিক ক্যারিয়ারের ১৫০ তম খেলাটি খেলছেন ।

-----------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলের রেলওয়ে সুরক্ষা বাহিনীর উদ্যোগে গত ২২ থেকে ২৫শে মার্চ পর্য্যন্ত বিভিন্ন ট্রেন ও স্টেশনে  চালানো অভিযানে এক জন ছেলে সহ চার জন অপ্রাপ্ত বয়স্ক শিশুকে উদ্ধার করে এবং একজন মেয়েকে চিকিৎসা পরিষেবা প্রদান করা হয়েছে । সীমান্ত রেল সূত্রে জানানো হয়েছে যে রেলওয়ে সুরক্ষা বাহিনী চলতি বছরের ফেব্রুয়ারী মাসে ৪১ জন  আপ্রাপ্ত বয়স্ক ছেলে -মেয়ে এবং ৮ জন মহিলাকে উদ্ধার করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হাতে তুলে দিয়েছে ।

-----------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় নির্বাচনের ব্যয় সংক্রান্ত কাজ পর্য্যবেক্ষনের জন্য ব্যয় পর্য্যবেক্ষক ভারতীয় রাজস্ব সেবার আধিকারীক প্রদীপ কুমার বিশ্বাস আজ করিমগঞ্জ এসে পৌছেছেন । করিমগঞ্জের অবজারভার সেলের দায়িত্বপ্রাপ্ত জেলা উন্নয়ন আয়ুক্ত এক প্রেস বিজ্ঞপ্তীতে এখবর জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা নির্বাচন বিভাগের এম সি সি ও ব্যয় মনিটরিং সেলের দায়িত্বপ্রাপ্ত আধিকারীক এক বিজ্ঞপ্তিতে নির্বাচনী প্রচার সামগ্রী , যানবাহনের ভাড়ার তালিকা প্রকাশ করে রাজনৈতিক দলের সভাপতি ও সচিবদের অবগত করেছেন । একই সঙ্গে নির্বাচনের কাজে ব্যবহৃত ব্যানার , যানবাহন , পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের মূল্য তালিকাও প্রকাশ করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বিস্তারিত তালিকা পেতে নির্বাচন আধিকারীকের কার্য্যলয়ে যোগাযোগ করতে বলা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা তামাক নিয়ন্ত্রন কমিটির এক সভা আজ অনুষ্ঠিত হয়েছে । জেলার অতিরিক্ত আয়ুক্ত লাইরহলু খেনতের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার সরকারী কার্য্যলয়গুলিতে তামাকমুক্ত প্রাঙ্গন লিখে রাখার সিদ্ধান্ত হয়েছে । সভায় পুলিশ বিভাগের পক্ষ থেকে জেলায় নিষিদ্ধ মাদক দ্রব্য সেবনের হার বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে মাদকের কুফল সর্ম্পকে সচেতনতা বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------